



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/১০০(০২)/

তারিখ:

বিষয় : ইংরেজি বিষয়ের প্রভাষক “জনাব মোঃ মাসুদ আলম” কে স্ব-পদে পুনর্বহালসহ তার বেতন-ভাতাদি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ১৯-০৭-২০১৭ খ্রি. তারিখের ৬৪ তম সভার সিদ্ধান্ত।

খ) জনাব মোঃ মাসুদ আলম এর ১৯-১০-২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বোর্ডের গত আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ১৯-০৭-২০১৭ খ্রি. তারিখের ৬৪ তম সভার সিদ্ধান্ত মোতাবেক যশোর জেলার অভয়নগর উপজেলাধীন “সুন্দলী এস, টি, স্কুল এন্ড কলেজ” এর বরখাস্তকৃত প্রভাষক (ইংরেজি) জনাব মোঃ মাসুদ আলম এর চূড়ান্ত বরখাস্তদেশ বিধিসম্মত না হওয়ায় তাঁর বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তাঁকে স্ব-পদে পুনর্বহালসহ বেতন-ভাতাদি বিধিমোতাবেক প্রদান করার জন্য এ বোর্ড হতে গত ১৬-০৮-২০১৭ খ্রি. তারিখে ক/অ/১০০(০২)/৬০৩ নং স্মারক পত্রের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু সংশ্লিষ্ট প্রভাষক জনাব মোঃ মাসুদ আলমের ২৯-১০-২০১৭ খ্রি. তারিখের আবেদন হতে জানা যায় যে, কলেজ কর্তৃপক্ষ অদ্যাবধি বোর্ড কর্তৃপক্ষের আদেশ বাস্তবায়ন করেনি যা চাকুরী বিধিমালা (শৃঙ্খলা ও আপীল) ১৯৮৫ এর ২(১) ধারার পরিপন্থি। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, আপনার কলেজের ইংরেজি বিষয়ের সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ মাসুদ আলমকে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে স্ব-পদে পুনর্বহাল করে তার প্রাপ্য বেতন-ভাতাদি বিধিমোতাবেক পরিশোধ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

সভাপতি

গভার্ণিং বডি

সুন্দলী এস, টি, স্কুল এন্ড কলেজ

ডাক: সুন্দলী, অভয়নগর, যশোর।

স্মারক নং-ক/অ/১০০(০২)/ ৭৫৭(২)/(১-৭)

তারিখ : ২২/১০/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অধ্যক্ষ, সুন্দলী এস, টি, স্কুল এন্ড কলেজ, ডাক: সুন্দলী, অভয়নগর, যশোর। (অভিযুক্ত শিক্ষক জনাব মাসুদ আলমকে উপরেল্লিখিত সময়ের মধ্যে স্ব-পদে পুনর্বহাল করে বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হল।)
- ৮। জনাব মোঃ মাসুদ আলম, প্রভাষক, ইংরেজি (সাময়িক বরখাস্তকৃত), সুন্দলী এস, টি, স্কুল এন্ড কলেজ, ডাক: সুন্দলী, অভয়নগর, যশোর।
- ৯। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর